ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০২
ধর্মনগর,২৩ এপ্রিল,২০২৫

**ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে সাধারণ মানুষের চলাচলে বিধিনিষেধ জারি**

সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি রক্ষায় উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে কাঞ্চনপুর ও ধর্মনগর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৫০০ মিটার এলাকা পর্যন্ত সাধারণ মানুষের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ আগামী ২০ জুন, ২০২৫ পর্যন্ত সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারায় উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এই আদেশ জারি করেছেন।

উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক আদেশে জানিয়েছেন, আইন-শৃঙ্খলার কাজে নিযুক্ত মিলিটারি / প্যারা মিলিটারি এবং রাজ্য পুলিশের কর্মীদের চলাচলের ক্ষেত্রে, উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার এবং ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসকদের দেওয়া অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তিদের ক্ষেত্রে, জরুরি সরকারি কাজে নিযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে, এখনই চিকিৎসা প্রয়োজন এমন রোগীর চলাচলের ক্ষেত্রে এই আদেশ কার্যকরি হবে না। জেলাশাসক আদেশে জানিয়েছেন আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

*****